সমকাল

তারিখ 0 2 FEB 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

# পরীক্ষার্থীদের প্রয়োজনে কেন্দ্রে পৌঁছে দেওয়া হবে

## — র‍্যাব মহাপরিচালক

■ বরিশাল ব্যুরো

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কেন্দ্রে পৌঁছে দেবে। গতকাল রোববার বরিশালে সফরে এসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন র‍্যাবের মহাপরিচালক। ১৫ লাখ পরীক্ষার্থীকে নিরাপত্তা দিয়ে কেন্দ্রে পৌঁছে দেওয়া সম্ভব কি-না সাংবাদিকদের এমন প্রশ্নে তিনি বলেন, আইন-শৃঙ্খলা বাহিনী সামর্থ্যের মধ্যে সর্বাত্মক চেষ্টা করবে।

এ সময় র‍্যাবের অতিরিক্ত মহাপরিচালক কর্নেল জিয়াউল আহসান, মেট্রোপলিটন পুলিশ কমিশনার শৈবাল কান্তি চৌধুরী ও রেঞ্জ ডিআইজি হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। দুপুর ১২টার দিকে বরিশাল নগরীর আকাশসীমায় পৌঁছার পর র‍্যাবের মহাপরিচালককে বহনকারী হেলিকপ্টার থেকে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।